



প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)
৩ সার্কিট হাউস রোড, ঢাকা-১০০০



বিষয়ঃ পিআইবির ইনোভেশন টিমের ডিসেম্বর ২০২০ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি	মোহাম্মাদ আফরাজুর রহমান পরিচালক (প্রশাসন)
সভার তারিখ	২০/১২/২০২০
সভার সময়	বিকেল ৩:০০টা
স্থান	পরিচালক (প্রশাসন)-এর দপ্তর
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)-এর বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ অনুসারে ইনোভেশন কার্যক্রম উপস্থাপনের জন্য ইনোভেশন টিমের সদস্য ও উপপরিচালক (প্রশাসন), চ.দা-কে আহ্বান জানান। তিনি গত অক্টোবর ২০২০ মাসের সভার সিদ্ধান্ত পড়ে শোনান। তিনি জানান, গত সভার সিদ্ধান্ত অনুযায়ী ইতিমধ্যে পিআইবি'র মোবাইল অ্যাপস তৈরির নিমিত্ত ডাটা সংগ্রহ ও অ্যাপস এর কন্টেন্ট নির্ধারণের জন্য সকল বিভাগ থেকে প্রতিনিধি নিয়ে একটি কমিটি গঠন করা হয়েছে। সে অনুযায়ী কমিটি থেকে প্রস্তাব/সুপারিশ পাওয়া গেলে পরবর্তী ব্যবস্থা নেয়া হবে। এছাড়া গত সভার সিদ্ধান্ত অনুযায়ী নিউজপেপার আর্কাইভ করার বিষয়ে গবেষণা ও তথ্য সংরক্ষণ বিভাগ থেকে ইতিমধ্যে প্রস্তাব পাওয়া গেছে। সে অনুযায়ী প্রশাসন বিভাগ থেকে পদক্ষেপ নেয়া হচ্ছে। এছাড়া পিআইবি ট্রেনিং ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম (PIBTMIS) সফটওয়্যারের যথাযথ ব্যবহার ও “অনলাইনে সাংবাদিকদের প্রশিক্ষণের জন্য প্রয়োজনীয় অবকাঠামো উন্নয়ন ও সম্প্রসারণ” বিষয়ে অধ্যয়ন ও প্রশিক্ষণ বিভাগ থেকে কোনো সুনির্দিষ্ট প্রস্তাব পাওয়া যায় নি। প্রস্তাব পাওয়া গেলে সে অনুযায়ী প্রশাসন থেকে ব্যবস্থা গ্রহণ করা হবে। এ প্রেক্ষিতে সভাপতি উক্ত বিষয়ে দূত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অধ্যয়ন ও প্রশিক্ষণ বিভাগের প্রতিনিধি প্রতিবেদক জনাব জিলহাজ উদ্দিনকে অনুরোধ জানান।

ইনোভেশন টিমের সদস্য ও মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (অ.দা) জনাব মোহাম্মাদ আফতাব উদ্দীন ভূঞা জানান, তথ্য মন্ত্রণালয় পত্রের মাধ্যমে আগামী ৩ জানুয়ারি ২০২১ এর মধ্যে প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)-এর বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর বাস্তবায়ন অগ্রগতির অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন প্রেরণের অনুরোধ জানিয়েছে। সে অনুযায়ী অগ্রগতি প্রতিবেদনের একটি খসড়া তৈরি করা হয়েছে।

এ প্রেক্ষিতে ইনোভেশন টিমের সদস্য ও উপপরিচালক (প্রশাসন), চ.দা জনাব মো. জাকির হোসেন প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)-এর বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর ১৫টি উদ্দেশ্যের খাতওয়ারী অগ্রগতি উপস্থাপন করেন এবং সকল সদস্য আলোচনায় অংশ নেন। বিস্তারিত আলোচনান্তে তথ্য মন্ত্রণালয়ে প্রেরণের নিমিত্ত পিআইবি'র বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর বাস্তবায়ন অগ্রগতির অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন চূড়ান্ত করা হয়। শেষে সভাপতি ইনোভেশন ও ই-নথি বিষয়ে পিআইবি'র কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন করার অনুরোধ জানান।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোহাম্মাদ আফরাজুর রহমান
পরিচালক (প্রশাসন)

স্মারক নম্বর: ১৫.৬২.০০০০.০০২.১৬.০০৪.১৭.২৫৯

তারিখ: ১৭ কার্তিক ১৪২৭

০২ নভেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) গবেষণা বিশেষজ্ঞ (তথ্য প্রযুক্তি) (চলতি দায়িত্ব), গবেষণা ও তথ্য সংরক্ষণ বিভাগ, প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)
- ২) সিনিয়র প্রশিক্ষক (চলতি দায়িত্ব), অধ্যয়ন ও প্রশিক্ষণ বিভাগ, প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)
- ৩) উপপরিচালক (প্রশাসন) (চলতি দায়িত্ব), প্রশাসন বিভাগ, প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)
- ৪) মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন বিভাগ, প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)

মো. জাকির হোসেন
উপপরিচালক (প্রশাসন) (চলতি দায়িত্ব)